# পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

এসটিডি সার্কুলার নং-০৩/২০১৪ তারিখঃ মে ১২, ২০১৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কাযর্রত সকল এডি ব্যাংকসমূহ এবং তাদের অফসোর ব্যাংকিং ইউনিট সমূহ।

**বিষয়ঃ প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ (FDI), বেসরকারী খাতে বহিঃ ঋণ (PSED) এবং পোর্টফোলিও বিনিয়োগ (PI) রির্টাণ সমূহ নির্ধারিত ফরম (FI-1, FI-2, ED-1, ED-2, STED & PI)/RIT অনুযায়ী মাসিক / ত্রৈমাসিক ভিত্তিতে দাখিল প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

FDI, PSED & PI সংক্রান্ত রির্টাণসমূহ দাখিল বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এফইসার্কুলার নং-২১, তারিখ- নভেম্বর ০৩, ২০০৯, পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০১, তারিখ- আগষ্ট ১৪, ২০১২ এবং বিভিন্ন সময়ে জারিকৃত সার্কুলার সমূহের প্রতি সতর্ক দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. আইএমএফ এর সুপারিশ এর আলোকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সম্প্রতি উপরোল্লিখিত বহিঃখাতের তথ্য/উপাত্ত আরও ঘনঘন সংগ্রহ এবং সংকলনের মাধ্যমে BOP, IIP এবং debt sustainability এর আলোকে দেশের সামষ্টিক অর্থনীতি নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩. উপরোক্ত সুপারিশের আলোকে সকল অনুমোদিত ডিলার ব্যাংক সমূহ, তাদের ওবিইউ সমূহ এবং বৈদেশিক বিনিয়োগ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে এখন হতে (মার্চ, ২০১৩ পরবর্তী) নির্ধারিত সময়ের মধ্যে রিটার্নসমূহ বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিলের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ কঠোরভাবে পরিপালনের অনুরোধ করা যাচ্ছে।

৩.১ অনুমোদিত ডিলার ব্যাংক সমূহ/ওবিইউ/ গ্রাহক প্রতিষ্ঠান সমূহের বৈদেশিক বিনিয়োগ সংক্রান্ত রিটার্ণসমূহ Forms/ RITs এর মাধ্যমে দাখিলের জন্য নির্ধারিত সময় এবং রিপোর্টিং সময়কাল নিম্নে উল্লেখ করা হল ঃ

| Type of Information/Data | Returns | | Reporting Frequency | Time Frame/Submission Deadline |
|---|---|---|---|---|
| | Reporting Form | Relative RIT | | |
| Inward Foreign Direct Investment(FDI) | Form FI-1 | 1. T_ME_Q_INV_FOR_FI_1<br>2. T_ME_Q_INV_NON_RES_FI_1<br>3. T_ME_Q_INV_OP_PRFT_FI_1 | Quarterly(instead of existing half yearly) | Within one month & 15 days for AD banks/OBUs while one month for other enterprises following the reference quarter |
| Outward Foreign Direct Investment(FDI) | Form FI-2 | 1. T_ME_Q_INV_FOR_FI_2<br>2. T_ME_Q_INV_NON_RES_FI_2<br>3. T_ME_Q_INV_OP_PRFT_FI_2 | Quarterly(instead of existing half yearly) | Within one month & 15 days for AD banks/OBUs while one month for other enterprises following the reference quarter |
| Portfolio Investment | Form PI | 1. T_ME_Q_PORT_INV<br>2. T_ME_Q_PORT_SURVEY | Quarterly | Within one month & 15 days for AD banks/OBUs while one month for other enterprises following the reference quarter |
| Summary report on | Form ED-1 | | Onetime | Within 15 days from |

| | | | | |
|---|---|---|---|---|
| medium & long term (MLT) External Debt agreement | | | | the date of agreement |
| Status report on External Debt | Form ED-2 | | Quarterly | Within one month & 15 days for AD banks/OBUs while one month for other enterprises following the reference quarter |
| Status report on short term External Debt | Form STED | T_ME_M_STED | Monthly | Within 15 days following the reference month |

৩.২ সকল অনুমোদিত ডিলার ব্যাংক, ওবিইউ এবং তাদের গ্রাহক প্রতিষ্ঠানসমূহ থেকে সংগৃহীত রিটার্ণ সমূহ বাংলাদেশ ব্যাংক এর পরিসংখ্যান বিভাগ / EDW তে নিয়মিতভাবে দাখিল /upload করতে হবে।

৩.৩ রিপোর্টিং প্রতিষ্ঠানসমূহকে তাদের রিটার্ণ দাখিলের সাথে অবশ্যই সংশ্লিষ্ট সহায়ক দলিলাদি বিশেষতঃ FI-1 এবং FI-2 এর সাথে আর্থিক বিবরণী (নিরীক্ষিত/ অনিরীক্ষিত) প্রতি ত্রৈমাসিকে দাখিল করতে হবে। পরবর্তীতে নিরীক্ষিত হিসাবে উল্লেখযোগ্য পরিবর্তন পরিলক্ষিত হলে তা অবশ্যই পরিসংখ্যান বিভাগের বিদ্যমান ডাটাবেজ সংশোধনের লক্ষ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

৩.৪ সকল ব্যাংকের প্রধান কার্যালয়/মূখ্য কার্যালয় সমূহকে গ্রাহক প্রতিষ্ঠান সমূহের হালনাগাদ তালিকা সংশ্লিষ্ট ত্রৈমাসিক শেষের পরবর্তী ১০ দিনের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।

৩.৫ গ্রাহক প্রতিষ্ঠানসমূহকে যে কোন সেবা প্রদানের প্রাক্কালে সংশ্লিষ্ট রিটার্ণ সমূহ যথাসময়ে এবং যথাযথভাবে দাখিল করেছে মর্মে অনুমোদিত ডিলার/ওবিইউ সমূহ কর্তৃক নিশ্চিত হওয়া আবশ্যক এবং বাধ্যতামূলক। এক্ষেত্রে এফইসার্কুলার নং-২১, তারিখ- নভেম্বর ০৩, ২০০৯ এর ধারা-৫ দ্রষ্টব্য।

৩.৬ এফইসার্কুলার নং-২১, তারিখ- নভেম্বর ০৩, ২০০৯, পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০১, তারিখ- আগষ্ট ১৪, ২০১২ এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৪. সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বা/-

সংযুক্তিঃ উল্লেখমত।

(মোঃ আজিজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন নং-৯৫৩০১৭৭